HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

নারী ও শিশুর প্রতি সহিংসতা বৃদ্ধির ঘটনায় উদ্বিগ্ন হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি), প্রতিরোধ ও প্রতিকার বিধানে সমন্বিত পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের কাছে আহ্বান

[১৮ জুন ২০২০] করোনার এ সংকটকালীন সময়ে নারী ও শিশুদের প্রতি সহিংসতা বৃদ্ধি পাওয়ায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীর উদ্বেগ প্রকাশ করছে। একই সাথে এ ধরণের সহিংসতার প্রতিকার ও প্রতিরোধে বিভিন্ন অংশীজনদের সাথে আলোচনাসাপেক্ষে জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে অনতিবিলম্বে সমন্বিত ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের কাছে আহবান জানাচ্ছে।

নারী ও শিশুর প্রতি সহিংসতা সমাজে প্রতিনিয়ত ঘটে চলেছে, যার কিছুটা হয়তো গণমাধ্যম বা মাঠ পর্যায়ের কর্মীদের মাধ্যমে আমাদের নজরে আসে। এছাড়াও এমন অসংখ্য ঘটনা আছে যেগুলো গণমাধ্যমে কিংবা জনসম্মুখে প্রকাশিত হয় না। করোনার মহাসংকটে এ চিত্র আরো ভয়াবহ আকার ধারণ করেছে। প্রতিনিয়ত দেশের বিভিন্ন প্রান্ত থেকে নারী ও শিশুদের প্রতি সহিংসতার নানা সংবাদ আমরা জানতে পারছি যা আমাদের আতঙ্কিত করে তুলছে। উল্লেখযোগ্যসংখ্যক প্রতিবন্ধী নারী এবং শিশুও এসব সহিংসতার শিকার হচ্ছেন। নয়টি দৈনিক পত্রিকা পর্যবেক্ষণ করে আইন ও সালিশ কেন্দ্র (আসক) কর্তৃক সংগৃহীত তথ্য অনুযায়ী, এপ্রিলে ৭৬ জন এবং মে মাসে ৯৪ জন নারী ধর্ষণের শিকার হয়েছেন। এ সময় পারিবারিক সহিংসতা তীব্র রূপ ধারণ করেছে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পরিসংখ্যান অনুযায়ী এপ্রিল মাসে পারিবারিক নির্যাতনের শিকার হন ৩৪ জন; এর মধ্যে স্বামী কর্তৃক হত্যার শিকার হয়েছেন ১৬ জন। মে মাসে পারিবারিক নির্যাতনের শিকার হয়েছেন ৫৫ জন এর মধ্যে স্বামী কর্তৃক হত্যার শিকার হয়েছে ২৮ জন। অন্যদিকে, মানুষের জন্য ফাউন্ডেশনের টেলিফনিক জরিপ অনুযায়ী, এপ্রিল মাসে ১৭২০৩ জন নারী মধ্যে ৪২৪৯ জন পারিবারিক নির্যাতনের শিকার হয়েছে, আর মে মাসে ৫৩৩৪০ জন নারীর মধ্যে ১১০২৫ জন পারিবারিক নির্যাতনের শিকার হয়েছে। অন্যদিকে আসক এর তথ্য অনুযায়ী, এপ্রিলে ৭৯টি এবং মে মাসে ১০১টি শিশু নির্যাতনের ঘটনা ঘটেছে। এপ্রিল মাসে ৩৫ জন এবং মে মাসে ৫৫ জন শিশু হত্যার শিকার হয়েছে। জাতিসংঘের বিশেষ প্রতিনিধি ইতিমধ্যে সরকারের প্রতি এ সংকটে "[পারিবারিক সহিংসতা] শিকার নারীদের সুরক্ষা প্রদান" করার জন্য এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে "দ্রুত পদক্ষেপের জন্য তাদের প্রচেষ্টা বাড়িয়ে তুলতে এবং সুরক্ষামূলক ব্যবস্থা নিতে" আহবান জানিয়েছেন। এছাড়াও জাতিসংঘের নারী ও শিশুদের প্রতি বৈষম্য বিষয়ক ওয়ার্কিং গ্রুপও বলেছে, সরকার যেন নারী ও শিশুদের যে নির্দিষ্ট ঝুঁকি রয়েছে তা বিবেচনায় রেখে করোনা মোকাবেলায় পদক্ষেপ নেয়। বাংলাদেশ সরকার বারবার সহিংসতার শিকার নারী ও শিশুদের সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়ার বিষয়ে অঙ্গীকার প্রকাশ করলেও সরকারের পক্ষ থেকে এই দূর্ভোগকালীন সময়ে কোনো সুনির্দিষ্ট উদ্যোগ লক্ষ্য করা যায়নি।

Secretariat:
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187
Email: ask@citechco.net web: www.askbd.org
Experts:
Dr.Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
Forum Members:
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

এইচআরএফবি অত্যন্ত দ্রুততার সাথে নারী ও শিশুর প্রতি সহিংসতা রোধ, আইনি প্রতিকার বিধান ও ভূক্তভাগীদের সহায়তা প্রদানের জন্য অংশীজনদের সাথে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ এবং সে ব্যবস্থাগুলোর কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার ওপর জোর দেয়ার জন্য সরকারের কাছে আহবান জানাচ্ছে। অন্যদিকে স্থানীয় প্রশাসনকে নারী ও শিশুর প্রতি সহিংসতার বিষয় সম্পর্কে সচেতন করা, করোনা মোকাবেলার পাশাপাশি এ ধরণের সহিংসতার ঘটনায় তৎপর থাকার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা প্রদান এবং মাঠ পর্যায়ে এই সহিংসতার শিকারদের বিশেষ সহায়তা ও সেবা দেয়ার ব্যবস্থা করার জন্য সরকারের কাছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোতে নির্দেশনা প্রেরণের জন্য আহবান জানাচ্ছে। একই সাথে উচ্চ আদালতের নির্দেশনা অনুযায়ী (নারীপক্ষ বনাম বাংলাদেশ রিট পিটিশন নং ৫৫৪১/২০১৫) অনলাইনে অভিযোগ দায়েরের পদ্ধতি চালু এবং এ সংক্রান্ত ওয়েবসাইট চালু করার দাবী তুলে ধরছে। সহিংসতার শিকার নারী ও শিশুদের আশ্রয় প্রদানের জন্য প্রতিবন্ধকতাবান্ধব ও সকল বয়সের উপযোগী পর্যাপ্ত ব্যবস্থাসম্পন্ন আশ্রয়কেন্দ্রের সংখ্যা বাড়ানোর দাবি জানাচ্ছে।